

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়  
কেশবপুর, যশোর।

উপজেলা পরিষদের আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব পলাশ কুমার মল্লিক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
সভার তারিখ	:	০৬/০১/২০২২ খ্রিঃ।
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়, কেশবপুর, যশোর।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি মহোদয় জনাব পলাশ কুমার মল্লিক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে আহ্বান জানান। সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নরূপ নির্ধারিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করেন:

ক্রম.	আলোচ্যসূচি	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত	ফলাফল
১	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সংক্রান্ত আলোচনা	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এই দিবসটি সারা দেশের ন্যায় কেশবপুর উপজেলায়ও যথাযথ মর্যাদায় অনুষ্ঠিত হবে। জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে কেশবপুর উপজেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। কেশবপুর উপজেলায় যেন দিবসকে কেন্দ্র করে অনাকাঙ্ক্ষিত কোন ঘটনা ঘটতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। উপজেলা আনসার সদস্যগণ অংশ গ্রহণ করবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	করোনাকালীন সময়ে সামাজিক দূরত্বসহ সরকারি নির্দেশনা মেনে সকল কর্মসূচিতে অংশগ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কে নতুন প্রজন্ম জানতে পারবে।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(পলাশ কুমার মল্লিক)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটি

কেশবপুর, যশোর।

অনুলিপি অবগতি/সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ০৩। উপজেলা ..... অফিসার, কেশবপুর, যশোর।
- ০৪। চেয়ারম্যান ..... ইউপি, কেশবপুর, যশোর।
- ০৫। অফিস কপি।